# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-08-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১) এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালের নার্সের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশের পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য দপ্তর সমান্তরাল তদন্ত শুরু করেছে । স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় আজ হাসপাতালে গিয়ে কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন।

উত্তর ২৪ পরগনার পানিহাটির তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষকে পুলিশ গ্রেফতার করেছে ওড়িশার একটি হোটেল থেকে।

২) রাজ্য সরকার ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫তম জন্মবর্ষ উপলক্ষে বছরভর একাধিক কর্মসূচি গ্রহণ করেছে।

৩) নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে আপত্তিকর মন্তব্য করায় বিজেপি সাংসদ নগেন্দ্র রায় ওরফে অনন্ত মহারাজকে দেওয়া বঙ্গ বিভূষণ সম্মান প্রত্যাহার করে নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার।

৪) দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ ও আগামীকাল রাজ্যজুড়ে 'পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে' বা দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে।

৫) রাজ্য সরকার, মহানায়ক উত্তম কুমারের স্মৃতিতে নন্দনের আদলে নতুন একটি চলচ্চিত্র কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে ।

৬) গভীর নিম্নচাপের কারণে আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গে বেশ কিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooo

এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালের নার্সের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশের পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য দপ্তর সমান্তরাল তদন্ত শুরু করেছে । স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় আজ হাসপাতালে গিয়ে কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন। পরে তিনি সাংবাদিকদের জানান, এনআরএস হাসপাতালের ফরেনসিক বিভাগের প্রধানের নেতৃত্বে একটি তদন্তকারী দল গঠন করা হয়েছে। ওই কমিটিতে আছেন, NRS এর প্রিন্সিপাল, সুপার, নার্সিং সুপারিনটেনডেন্ট, সাইক্রিয়াটিক বিভাগ এবং সাফাই কর্মী ও সুরক্ষা কর্মীদের বিভাগীয় প্রধান। সাত দিনের মধ্যে এই কমিটি স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তাকে রিপোর্ট পাঠাবে।

(বাইট – শারদ্বত)

নার্সের ওই নার্সের স্বামীর সঙ্গেও আজ দেখা করেন স্বাস্থ্যমন্ত্রী। রাজ্য সরকার সবরকমভাবে তাঁর পরিবারকে সহায়তা করবে বলে আশ্বাস দেন স্বাস্থ্যমন্ত্রী।

এই নার্সের মৃত্যু কারণ স্পষ্ট নয় বলে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী জানান, স্ত্রী রোগ বিভাগে কর্মরত ওই নার্স রাতে শৌচালয়ে যাওয়ার পর দীর্ঘক্ষণ তার কোন খোঁজ মেলেনি। পরে জুনিয়ার ডাক্তার ও অন্য কর্মীরা শৌচালয়ের দরজা ভেঙে তাকে অচৈতন্য অবস্থা উদ্ধার করে। পরে তাকে মৃত ঘোষণা করা হয়।

উল্লেখ্য, পূর্ব মেদিনীপুরের পটাশপুরে বাসিন্দা ওই নার্স, দমদম ক্যান্টনমেন্টে থাকতেন ।

<u>oooooooooooooooooo</u>

উত্তর ২৪ পরগনার পানিহাটির তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষকে পুলিশ গ্রেফতার করেছে। ওড়িশার একটি হোটেল থেকে তাকে আজ ধরা হয়। এরপর নিয়ে আসা হয় কলকাতায় । আর জি কর-এর তরুণী চিকিৎসক অভয়ার দেহ পরিবারের সদস্যদের না জানিয়ে তড়িঘড়ি সৎকারের অভিযোগে, ঘটনার ২ বছর পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এমাসে ৯ তারিখে ব্যারাকপুরের পুলিশ কমিশনারকে মামলার তদন্ত আবার শুরু করার নির্দেশ দেন। তড়িঘড়ি কেন অভয়াকে দাহ করা হলো, তা খতিয়ে দেখারও নির্দেশ দেন তিনি। তারপরই খড়দা থানার পুলিশ, নির্মল ঘোষের বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করে। অভিযোগ দায়ের করেন অভয়ার বাবাও। তার পরই এই গ্রেফতার।

এদিকে তার বাবা রাজনৈতিক সড়যন্ত্রের শিকার বলে নির্মল ঘোষের মেয়ে ছন্দা ঘোষ জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি আজ দাবি করেন মুখ্যমন্ত্রীর নির্দেশেই এই গ্রেফতার। তার বাবার বিরুদ্ধে মিথ্যে মামলা দেওয়া হয়েছে। আর জি কর মামলায় সি বি আই যে

পূর্ণাঙ্গ তদন্ত করছে, তাতে তাঁর বাবা সম্পূর্ণ সহযোগিতা করছেন। এর বিরুদ্ধে তারা আইনী পথে যাবেন বলে ছন্দা জানান।

নির্মল পুত্র তীর্থঙ্করকেও তোলা আদায়ের অভিযোগে এর আগে গ্রেফতার করে পুলিশ।

**০০০০০০০০০০০০০০০০০০**

রাজ্য সরকার ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫তম জন্মবর্ষ উপলক্ষে বছরভর একাধিক কর্মসূচি গ্রহণ করেছে। সচিবালয় নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে গঠিত উচ্চপর্যায়ের কমিটির প্রথম বৈঠকে ইকো পার্কে ১২৫ ফুট উচ্চতার শ্যামাপ্রসাদের মূর্তি নির্মাণ, হুগলির জিরাটে তাঁর পৈতৃক ভিটেতে গ্রন্থাগার ও সংগ্রহশালা তৈরি এবং স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তরের পাঠ্যক্রমে তাঁর অবদান অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বৈঠকের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, ইকো পার্কে ১২৫ ফুটের মূর্তি নির্মাণের পাশাপাশি ওই চত্বরে একটি সংগ্রহশালা এবং অন্যান্য পরিকাঠামো তৈরিরও পরিকল্পনা রয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

হুগলির জিরাটে একটি সংগ্রহশালা নির্মাণের  জন্য রাজ্য সরকার ইতিমধ্যে ৩০ ডেসিমেল জমি কিনেছে। সেখানে স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের নামাঙ্কিত একটি গ্রন্থাগার পুনর্নির্মাণ করে আধুনিক মানের করে তোলা হবে।

শ্যামাপ্রসাদের ভূমিকা সম্পর্কে নতুন প্রজন্মকে জানানোর জন্য পাঠ্যক্রমেও পরিবর্তনের সিদ্ধান্ত হয়েছে। স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত পাঠ্যক্রমে তাঁর অবদান অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রস্তাব তৈরি করতে বলা হয়েছে স্কুলশিক্ষা দপ্তরকে। আগামী শিক্ষাবর্ষ থেকেই পর্যায়ক্রমে তা চালু করার লক্ষ্যে দ্রুত কাজ করার সিদ্ধান্ত হয়েছে। শ্যামাপ্রসাদকে নিয়ে একাধিক বই প্রকাশের পরিকল্পনাও নিয়েছে কমিটি।

**০০০০০০০০০০০০০০০**

নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে আপত্তিকর মন্তব্য করায় বিজেপি সাংসদ নগেন্দ্র রায় ওরফে অনন্ত মহারাজকে দেওয়া বঙ্গ বিভূষণ সম্মান প্রত্যাহার করে নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। তথ্য ও সংস্কৃতি দফতরের পক্ষ থেকে আজ এই সংক্রান্ত এক নির্দেশিকা জারি করা হয়। তার পরেই

সরকারী নথি ও বঙ্গবিভূষণ প্রাপকের তালিকা থেকে তার নাম বাদ দেওয়ার জন্য সংশ্লিষ্ট দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, অনন্ত মহারাজ, এরপর থেকে নিজেকে বঙ্গ বিভূষণ প্রাপক হিসেবে পরিচয় দিতে পারবেন না। সম্মানের সঙ্গে যুক্ত কোন স্বীকৃতির সুযোগ বা অধিকারও দাবি করতে পারবেন না।

উল্লেখ্য, চলতি বছরের ২১শে ফেব্রুয়ারী তৎকালীন তৃণমূল কংগ্রেস সরকার অনন্ত মহারাজকে বঙ্গ বিভূষন সম্মান প্রদান করেন।

এদিকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য, অনন্ত মহারাজের পুরস্কার প্রত্যাহার প্রসঙ্গে বলেছেন, নেতাজীকে নিয়ে মানুষের আবেগে আঘাত লাগলে, দল সেবিষয়ে চিন্তাভাবনা করবে। নেতাজী থাকলে দেশ বিভাজন ও ক্ষমতার হস্তান্তর হতো না।

(বাইট – শমিক)

মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পর নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে ফেসবুকে অপমান জনক পোষ্ট শেয়ার করার অভিযোগে ইসলামপুর সাইবার ক্রাইম থানার পুলিশ উত্তর দিনাজপুরের চাকুলিয়া থেকে এক যুবককে গ্রেফতার করেছে। ধৃত কিরন কুমার দাসের বাড়ি চাকুলিয়ারই ঝাড় বাড়ি এলাকায়। তাকে আজ ইসলামপুর আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

এদিকে, কলকাতায় নিউ আলিপুরে ৮১ নম্বর ওয়ার্ড এলাকায় নেতাজী সুভাষ চন্দ্র বসুর মূর্তি ভাঙা হয়েছে বলে অভিযোগ উঠেছে। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী এব্যাপারে পুলিশের হস্তক্ষেপ ও প্রয়োজনীয় পদক্ষেপে গ্রহণের দাবি জানিয়েছে।

<u>ooooooooooooooooo</u>

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ১১৫ জন শিল্পীকে ২০২৪ ও ২০২৫-এর সঙ্গীত নাটক অকাদেমী পুরস্কার ও ফেলোশিপ প্রদান করছেন।

সঙ্গীতে এরাজ্যের নির্মাল্য দে, সঞ্জয় মুখোপাধ্যায়, প্রভাতী মুখোপাধ্যায়, পুরস্কার পেয়েছেন। এছাড়াও ছৌ নৃত্যে নৃপেন সহিস, থিয়েটারে দীনেশ কুমার পোদ্দার এবং কল্লোল ভট্টাচার্য, পারফর্মিং আর্টসে তপতী চৌধুরী সম্মান গ্রহণ করেন। ফেলোশিপ পেয়েছেন রীতা গাঙ্গুলী। অনুষ্ঠানে রাষ্ট্রপতি সমস্ত সম্মান প্রাপকদের অভিনন্দন জানান। তিনি বলেন, আধুনিক ভারতের ঐতিহ্য এবং পরম্পরা বহন করে নিয়ে চলেছেন এই শিল্পীরা।

<u>ooooooooooooooo</u>

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আগামীকাল (শুক্রবার ১৪-ই আগস্ট), সন্ধ্যা ৭'টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন। এর প্রেক্ষিতে আগামিকাল আকাশবাণী কলকাতার সন্ধে ৭.৩৫ মিনিটের জাতীয় সংবাদ রাত ৮-টায় সম্প্রচারিত হবে। সন্ধে ৭ ও ৮-টার FM হেডলাইন্স এবং রাত ৮.১০-এর খেলার খবর বাতিল থাকছে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ সম্প্রচার করা হবে রাত সাড়ে ৯'টায় ।

০০০০০০০০০০০০০০০০০০

দেশভাগের বিভীষিকা ও যন্ত্রণাময় ইতিহাস স্মরণ করতে আজ ও আগামীকাল রাজ্যজুড়ে 'পার্টিশন হরর রিমেমব্র্যান্স ডে' বা দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে নিউটাউনের কনভেনশন সেন্টারে এক প্রদর্শনীর উদ্বোধন করবেন রাজ্যের স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মন। এছাড়া সব জেলায় মোমবাতি মিছিল, দেশভাগের ইতিহাস নিয়ে প্রদর্শনী এবং তথ্যচিত্র প্রদর্শনের আয়োজন করতে তথ্য ও সংস্কৃতি দফতরের সচিব ড. সৌমিত্র মোহন জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

নির্দেশিকায় বলা হয়েছে, কেন্দ্রের সংস্কৃতি মন্ত্রকের চিঠির পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার এই কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছে। দেশভাগের সময় যাঁরা প্রাণ হারিয়েছেন বা চরম দুর্ভোগের শিকার হয়েছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানানো এবং তাঁদের আত্মত্যাগ, দুর্ভোগ ও সংগ্রামের স্মৃতি সংরক্ষণই এই কর্মসূচির মূল উদ্দেশ্য।

এই উপলক্ষে আগামীকাল ১৪-ই অগস্ট সন্ধ্যায় প্রতিটি জেলা সদর এলাকায় সরকারি আধিকারিক, পড়ুয়া, শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষের অংশগ্রহণে মোমবাতি মিছিল আয়োজন করবে।

এই কর্মসূচি সফলভাবে আয়োজনের জন্য প্রতিটি জেলার জন্য ৩০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা সংশ্লিষ্ট দফতরগুলির সঙ্গে সমন্বয় করে গ্রহণ করতে জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি রাজ্যের সমস্ত সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, তাদের অধীনস্থ কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে ১৪ অগস্ট 'বিভাজন বিভীষিকা স্মরণ দিবস' পালন করার আহ্বান জানিয়েছেন।

রাজ্যপালের বার্তায় বলা হয়েছে, এই কর্মসূচিতে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের একত্রিত করে দেশভাগের ভয়াবহতা এবং বাংলার উপর তার গভীর প্রভাব স্মরণ করা উচিৎ।

দেশভাগের সবচেয়ে মর্মান্তিক অভিঘাতগুলির অন্যতম সাক্ষী ছিল বাংলা। লক্ষ লক্ষ মানুষকে ঘরছাড়া হতে হয়েছিল। বহু মানুষ প্রাণ হারিয়েছিলেন, নষ্ট হয়েছিল জীবিকা। একই সঙ্গে বাংলার সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক পরিসরে নেমে এসেছিল গভীর বিপর্যয়।
রাজ্যপালের বক্তব্য, এই স্মরণ কর্মসূচির মাধ্যমে নতুন প্রজন্মকে দেশের ইতিহাসের অন্যতম অন্ধকার অধ্যায় সম্পর্কে অবহিত করা সম্ভব হবে।

<u>০০০০০০০০০০০০০০০০০০</u>

রাজ্য সরকার, মহানায়ক উত্তম কুমারের স্মৃতিতে নন্দনের আদলে নতুন একটি চলচ্চিত্র কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে ।চলচ্চিত্র প্রদর্শনের অত্যাধুনিক প্রেক্ষাগৃহ ছাড়াও এখানে বাংলা চলচ্চিত্রের শতবর্ষের তথ্য সম্বলিত একটি বিশ্বমানের সংগ্রহশালাও গড়ে তোলা হবে। এজন্য হিডকোর কাছে প্রয়োজনীয় জমিও চাওয়া হয়েছে বলে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ সৌমিত্র মোহন জানিয়েছেন । মহানায়ক উত্তম কুমারের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে নন্দনে আজ এক বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, শুধু বাংলা নয় বিশ্বজুড়ে মহানায়কের স্মরণে বর্ষ ব্যাপী নানা কর্মসূচি নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে আগামী মাসের ৩ তারিখ থেকে শুরু করে ৬ তারিখ পর্যন্ত থাকছে চলচ্চিত্র প্রদর্শন, আলোচনা সভা ও প্রদর্শনী।

কলকাতায় উত্তম কুমারের স্মৃতি বিজড়িত উল্লেখযোগ্য স্থানে হেরিটেজ ওয়াক এর মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হবে বলে জানিয়েছেন শতবর্ষ উদযাপন কমিটির চেয়ারম্যান প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। এছাড়া থাকছে মধ্যরাতের কেক কাটা। জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে দক্ষিণ কলকাতার উত্তম মঞ্চের আধুনিকীকরণে রাজ্য সরকার সব রকম সাহায্য করবে বলে আজকের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রীর সঙ্গে আজকের বৈঠকে অন্যদের সঙ্গে উপস্থিত ছিলেন দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, অভিনেতা মিঠুন চক্রবর্তী, মুনমুন সেন, অরিন্দম শীল ও রাজ চক্রবর্তী সহ বহু বিশিষ্ট জন।

<u>০০০০০০০০০০০০০০০০০০</u>

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং অন্যদিকে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশ উপকূলের ওপর তৈরি হওয়া গভীর নিম্নচাপের কারণে আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গে বেশ কিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

নিম্নচাপটি আগামী ২৪ ঘণ্টায় উত্তর-পশ্চিম দিকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডের দিকে অগ্রসর হবে।

ঝারগ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় অত্যন্ত ভারী বৃষ্টির লাল সর্তকতা এবং পুরুলিয়া বাঁকুড়া পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ 24 পরগনা জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। এছাড়া হাওড়া হুগলি কলকাতা উত্তর 24 পরগনা এবং পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

আগামীকালও ঝাড়গ্রাম জেলায় রয়েছে কমলা সর্তকতা। রবিবার থেকে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে বলে আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

এদিকে উত্তরবঙ্গে দার্জিলিং কালিম্পং এবং জলপাইগুড়ি জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা আছে।

দক্ষিণ ২৪ পরগনার নরপুর ফেরিঘাট সংলগ্ন নদী বাঁধের একাংশ পণ্যবাহী জাহাজের ধাক্কায় ব্যাপক ক্ষতিগ্রস্ত। বিভিন্ন জায়গায় ফাটল দেখা দিয়েছে। অমবশ্যার কোটালে হুগলী নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে উঠেছে। ক্ষতিগ্রস্ত বাঁধ ভেঙে প্লাবনের আশঙ্কায় যুদ্ধকালীন তৎপরতায় মেরামতির কাজ শুরু করা হয়েছে। জেলা প্রশাসনও পোর্টটাস্টের আধিকারিকরা আজ বিকেলে ভাঙনে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। বারবার দুর্ঘটনার কারণ খতিয়ে দেখতে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া হচ্ছে।

গতকাল সকালে কলকাতা বন্দরের দিকে যাওয়ার সময় দিক ভ্রান্ত হয়ে জাহাজটি নিয়ন্ত্রণ হারিয়ে বাঁধে ধাক্কা মারে।

পূর্ব মেদিনীপুরে গতরাত থেকে ভারী বৃষ্টিতে বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। সুতাহাটা, হলদিয়া সহ বহু এলাকায় রাস্তায় জল উঠে গেছে। বহু বাড়িতেও ঢুকেছে জল। সমুদ্র উত্তাল থাকায় দীঘায় গাডওয়াল টপকে জল উপচে পড়েছে। জোরদার করা হয়েছে নিরাপত্তা।

পশ্চিম মেদিনীপুরে অতিভারী বৃষ্টির ফলে খড়গপুর-কেশিয়াড়ি সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। কেশিয়াড়ির লেঙ্গামারা এলাকায় রাজ্য সড়কের উপর দিয়ে হাঁটুসমান জল বইছে। যান চলাচল বন্ধ হওয়ার ফলে সমস্যায় পড়েছেন নিত্যযাত্রী। কয়েকশো বিঘা কৃষিজমিও জলের তলায়।

oooooooooooooooooo

oooooooooooooooooo